অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

এ.টি.এস. এপারেলস লিমিটেড

৪১৪, কোচাকুরি, তালির চালা, মৌচাক

অন্যান্য ফ্যাক্টরি : নেই

ACCORD on Fire and Building Safety in Bangladesh

এপ্রিল ১০, ২০১৪

সারসংক্ষেপ

১০.০৪.২০১৪ তারিখে হিউজ এসোসিয়েটস ইনকরপোরেশন এ.টি.এস. এপারেলস লিমিটেড এর অগ্নি নিরাপত্তাব্যবস্থা পরিদর্শন করে। এই প্রতিবেদনে পরিদর্শনকালীন সময়ের গুরুত্বপূর্ণ ত্রুটিসমূহ চিহ্নিত করা হয়েছে।

গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়গুলো চিহ্নিত করে এর ভিত্তিতে একর্ড দ্বারা নির্ধারিত মান অনুযায়ী পর্যবেক্ষণ গুলো সমাধানের সুপারিশ করাই ছিল এই পরিদর্শনের উদ্দেশ্য। এই প্রাথমিক পরিদর্শনটি মূলতঃ পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয় সমূহ চিহ্নিতকরণে সীমাবদ্ধ ছিল। এই পরিদর্শনে ছোট খাটো সমস্যাগুলোকে চিহ্নিত করা হয়নি, যা পরবর্তী ফলো-আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়া হয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।

প্রতিটি সমস্যা সমাধানের জন্য ফ্যাক্টরি কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করবে।এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময়সীমা এবং নকশা বা নির্মাণ সংক্রান্ত জটিলতার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সময়সীমা অনুমোদনের জন্য একর্ডের কাছে জমা দিতে হবে।

একর্ডের নিয়মানুযায়ী পরিদর্শকদের দ্বারা প্রস্তুতকৃত ইংরেজি প্রতিবেদনটি মূল প্রতিবেদন। এই ইংরেজি প্রতিবেদনের ওপর ভিত্তি করে বাংলা প্রতিবেদনটি তৈরী করা হয়েছে। তাই বাংলা প্রতিবেদনের ব্যবহৃত কোন শব্দ বা পরিভাষার অর্থ বুঝতে সমস্যা হলে অথবা যেকোন তথ্যের পরিপ্রেক্ষিতে বিভ্রান্তি এড়াতে ইংরেজি প্রতিবেদনটি দেখে নেয়ার অনুরোধ করা হল।

টেবিল নং ১ : পর্যবেক্ষণ এবং সুপারিশসমূহ

নং	শ্রেণী	পর্যবেক্ষণ	সুপারিশ	বাস্তবায়নের সময়সীমা
এফ-১	অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী	ঝুঁকিপূর্ণ উপাদান এবং দাহ্য তরল পদার্থ মজুদ এর জায়গা অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দিয়ে পৃথক করা নয় (খোলা বা উন্মুক্ত স্থান ,অগ্নি অসহনশীল দরজা, ছিদ্রসমূহ)।	ঝুঁকিপূর্ণ উপাদান বা দাহ্য তরল পদার্থের মজুদ ন্যূনতম ২ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করতে হবে। অগ্নি-পৃথকীকরণের জন্য সকল ছিদ্র ও খোলা জায়গা সমূহ সিল করতে হবে এবং প্রয়োজনীয় পৃথকীকরণ ব্যবস্থা নিতে হবে।	৩ মাস

নং	শ্রেণী	পর্যবেক্ষণ	সুপারিশ	বাস্তবায়নের সময়সীমা
এফ-২	অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী	বহিঃস্থ ভবনের জেনারেটর/ ট্রান্সফর্মার অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়। উভয় ব্যবস্থা পরস্পর উন্মুক্ত।	জেনারেটর এবং ট্রান্সফর্মার রুম অন্তত ২ ঘণ্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করুন। অগ্নি পৃথকীকরণের জন্য সকল খোলা জায়গা এবং ছিদ্র ও গর্তসমূহ সিল করুন।	৩ মাস

এফ-৩	অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী	প্রতি ফ্লোরে কাজের জায়গা ও ভবনের অন্যান্য স্থান থেকে নির্গমন সিঁড়িটি অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়।	বের হবার সিঁড়িকে কাজের জায়গা এবং ভবনের অন্যান্য স্থান থেকে আলাদা করতে প্রতি তলায় ন্যূনতম ১.৫ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল দরজা স্থাপন করতে হবে এবং সকল অনিরাপদ দরজা, জানালা, ভেন্টিলেটর ইত্যাদি খোলা জায়গা ও যেকোন ধরণের ছিদ্রকে অগ্নি পৃথকীকরণের জন্য সিল করে সুরক্ষিত করতে হবে। প্রোডাকশান ফ্লোরে অগ্নি নিরাপদ দরজাগুলো যেন নিজ থেকে বন্ধ হয় এবং তাতে পজিটিভ ল্যাচিং (হুড়কা দেয়া যেন বাইরে থেকে খোলা যায় কিন্তু অগ্নিকান্ডের সময় বিস্ফোরণ বা অন্য কোন চাপে তা খুলে না যায়) ও প্যানিক হার্ডওয়ার থাকে। অগ্নি নিরাপদ দরজাগুলো যদি কাজের কারণে খোলা রাখতেই হয়, তাহলে অগ্নি সতর্কীকরণ ব্যবস্থা/ ফায়ার এলার্ম ব্যবস্থাকে পুনর্বিন্যাস করুন যেন এলার্ম সক্রিয় হলে দরজাগুলো স্বয়ংক্রিয় ভাবে বন্ধ হয়ে যায়।	৩ মাস

এফ-৪	অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী	দাহ্য মজুদের জন্য ব্যবহৃত এলাকা অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক নয়। বেশ কিছু ফ্লোরের প্রোডাকশন লাইনে প্যাকিং ও ফিনিশিং এরিয়া উন্মুক্ত।	শুধুমাত্র মজুদের জন্য আলাদা ঘরের ব্যবস্থা করতে হবে। এই ঘরগুলোকে অবশ্যই ন্যূনতম ১ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দিয়ে পৃথক করতে হবে। পৃথক গুদামঘর নির্মাণ করা সম্ভব না হলে মজুদের জন্য পৃথক জায়গা নির্দিষ্ট করে দিতে হবে এবং তার জন্য নিম্নোক্ত শর্ত প্রযোজ্য হবেঃ - সর্বোচ্চ উচ্চতা হবে ২.৪ মিটার এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ২৩ বর্গমিটার। - স্প্রিঙ্কলারের ব্যবস্থা থাকলে সর্বোচ্চ উচ্চতা হবে ৩.৬৬ মিটার এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ৯৩ বর্গমিটার। অন্যান্য সকল স্থান ও অরক্ষিত দাহ্য পদার্থ মজুদের স্থানের মাঝে ন্যূনতম ৩ মিটার ফাঁকা জায়গা থাকতে হবে।	৩ মাস



এফ-৫	বহির্গমন পথ	ভবনের নির্গমন পথে,নির্গমন সিঁড়িতে,বহির্গমনের পথে,ভবনের বাইরে উন্মুক্ত হওয়ার মুখে বহির্গমনের দরজা বা গেটে তালার ব্যবস্থা আছে। ভবনের নির্গমন পথে ও নির্গমন সিঁড়িতে বহির্গমনের দরজা বা গেটে তালার ব্যবস্থা আছে। পরিদর্শনের সময় সকল গেট তালাখোলা এবং উন্মুক্ত ছিল।	বহির্গমনের সকল দরজা/ গেট থেকে তালার ব্যবস্থা সরিয়ে ফেলতে হবে। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ স্ট্যান্ডার্ড অনুযায়ী বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	অবিলম্বে

এফ-৬	বহির্গমন পথ	ভবনের সকল নির্গমন পথে, নির্গমন সিঁড়িতে, বহির্গমনের পথে, ভবনের বাইরে উন্মুক্ত হওয়ার মুখে কলাপসিবল গেট/ স্লাইডিং দরজা আছে। ভবনের নির্গমন পথে ও নির্গমন সিঁড়িতে কলাপসিবল গেট/ স্লাইডিং দরজা আছে।	ভবন থেকে উন্মুক্ত স্থানে যাওয়ার পথে সকল গেট/ স্লাইডিং দরজা পরিবর্তন করে তার জায়গায় পাশে কবজা দেয়া বা সাইড হিঞ্জড, সুইংগিং দরজা (যা দু'পাশে খোলে) স্থাপন করুন। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ স্ট্যান্ডার্ড অনুযায়ী বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	১ মাস

এফ-৭	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্মের পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করা হয়নি।	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্ম ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস



A.T.S APPARELS LTD.

Fire Equipment List(Fire Command Room).

Equipment Name	Required	In Hand
01. Main panel board	- 01	- 01
02. Control module of PA system	- 01 set	- 01 set
03. Mobile set minimum	- 01	- 01
04. Torch light	- 05	-05
05. Breathing apparatus	- 02 set	-02 set
06. Fire suit (Helmet,Gumboot,Hand gloves & Light)	- 04 set	-04 set
07. Bitter	- 10 set	- 10 set
08. Fireman Axe	- 02	- 05
09. Metal hacksaw blade & frame	- 02 & 02	- 02 & 02
10. Stretcher	- 02	- 02
11. First aid box(with excess burnal cream)	- 01	-01
12. 25kg foam cylinder	- 01	- 01 (dcp)
13. High tension pliers	- 01	- 01
14. Fire extinguisher ABC & C02	- 02 & 02	- 02 & 02
16.Mask with refill	- 10	- 10
17. Hand mike	- 01	- 01
18. Shovel	- 01	- 01
19. Hook	- 02	- 02
20. Blanket	- 04	- 04
21. Metal lock cutter	- 01	- 01
22. Gum Boot	- 05	- 05
23. Manila rope	- 01	- 01

এফ-৮	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	ফায়ার এলার্ম ব্যবস্থাটি ব্যবহারকারীর শ্রবণসাধ্য সংকেত দেয় না। ভবনে কোনো স্ট্রোব লাইট পাওয়া যায়নি। বাইরের জেনারেটর ও বয়লার রুমে স্ট্রোব লাইট দেখা গেছে।	এনএফপিএ ৭২ অনুযায়ী প্রয়োজনীয় সংকেতের সরঞ্জামাদির ব্যবস্থা করুন যেন ফায়ার এলার্ম ব্যবস্থাটি পুরো ভবনে শ্রবণসাধ্য হয়।	৩ মাস

এফ-৯	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	জরুরী বৈদ্যুতিক বাতি ও এক্সিট সাইন এর জন্য ম্যানুয়াল অন/অফ এর সুইচ।	জরুরী বৈদ্যুতিক বাতি ও এক্সিট সাইন থেকে ম্যানুয়াল সুইচ সরিয়ে অটোমেটেড সুইচ আনতে হবে যেন কেউ ইচ্ছেমত তাদের বন্ধ না করতে পারে।	১ মাস

এফ-১০	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	জরুরি বৈদ্যুতিক বাতির পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ এর কোন রেকর্ড পাওয়া যায়নি।	একর্ডের মান অনুযায়ী জরুরি বৈদ্যুতিক বাতির ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস